# সিটি করপোরেশনে দলীয় নিয়োগ জনমতের বিরুদ্ধে: গোলাম পরওয়ার



মিয়া গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

ঢাকা উত্তর ও দক্ষিণসহ দেশের ছয়টি সিটি করপোরেশনে দলীয় ব্যক্তিদের প্রশাসক হিসেবে নিয়োগের ঘটনায় কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) দেওয়া এক বিবৃতিতে তিনি এ সিদ্ধান্তের তীব্র সমালোচনা করেন।

বিবৃতিতে বলা হয়, ২২ ফেব্রুয়ারি স্থানীয় সরকার বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনের মাধ্যমে ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, খুলনা, সিলেট, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি করপোরেশনে দলীয় পদধারীদের প্রশাসক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। সদ্য গঠিত বিএনপি সরকারের এমন পদক্ষেপ জনগণের প্রত্যাশার সঙ্গে সাংঘর্ষিক বলে মন্তব্য করেন তিনি।

গোলাম পরওয়ার বলেন, জুলাইয়ের আন্দোলনের মূল চেতনা ছিল বৈষম্যহীন ও গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা, গণহত্যার বিচার সম্পন্ন করা এবং প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম এগিয়ে নেওয়া। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হওয়ার পর স্বাভাবিকভাবেই মানুষের প্রত্যাশা ছিল স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতেও নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে দায়িত্ব পরিচালিত হবে। নির্বাচন কমিশনের পক্ষ থেকেও স্থানীয় সরকার নির্বাচন নিয়ে ইতিবাচক বার্তা পাওয়া যাচ্ছিল।

এ অবস্থায় সরকারদলীয় ব্যক্তিদের প্রশাসক নিয়োগকে তিনি জনমতের বিপরীতে সিদ্ধান্ত হিসেবে আখ্যা দেন। তার ভাষ্য অনুযায়ী, এ পদক্ষেপ নৈতিকভাবে প্রশ্নবিদ্ধ এবং এতে জনগণের মধ্যে সংশয় তৈরি হয়েছে—স্থানীয় সরকার নির্বাচন বিলম্বিত করার কোনো পরিকল্পনা কি এর পেছনে রয়েছে কিনা।

বিবৃতিতে অবিলম্বে এই নিয়োগ বাতিল করে ছয় সিটি করপোরেশনসহ সব স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনের তফসিল ঘোষণার দাবি জানান জামায়াতের সেক্রেটারি জেনারেল।